18


# দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP 23 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫


## পার্বত্য চট্টগ্রামে বেসরকারী শিক্ষক কর্মচারীদের পাহাড়ী ভাতা প্রদানের দাবী

খাগড়াছড়ি সংবাদদাতা ॥ পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের প্রতিনিধিরা গত মঙ্গলবার খাগড়াছড়ি প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক-কর্মচারীদের ৭ দফা দাবী পূরণসহ পার্বত্য চট্টগ্রামে পাহাড়ী ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের

(১২শ পৃঃ দ্রঃ)

### পার্বত্য চট্টগ্রামে

(৩য় পৃঃ পর)

নিকট দাবী জানাইয়াছেন। শিক্ষক-প্রতিনিধিরা অভিযোগ করেন, মূল বেতনের ৮০ শতাংশসহ বিভিন্ন ভাতা প্রাপ্তির ক্ষেত্রে বিরাট বৈষম্য বিদ্যমান। পার্বত্য চট্টগ্রামের ৪ শতাধিক স্কুল-কলেজ ও মাদ্রাসার ৩ সহস্রাধিক শিক্ষক-কর্মচারী পাহাড়ী ভাতা হইতে বঞ্চিত হইতেছে। সরকার পার্বত্য চট্টগ্রামে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে শতকরা ৩০ ভাগ হারে ও সর্বোচ্চ ১২ শত টাকা পাহাড়ী ভাতা দিলেও বেসরকারী স্কুল-মাদ্রাসা ও কলেজ শিক্ষকদের এই ভাতা দেওয়া হইতেছে না। সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির নেতা প্রজ্ঞাবীর চাকমা, ওমর ফারুক, জ্যোতিবরণ চাকমা ও হরিমোহন নাথ প্রমুখ উপস্থিত ছিলেন।